# বাফুফে সভাপতির বিবৃতি - মে, ২০১৯

শুভেচ্ছা!

**থাইল্যান্ডে জাতীয় দলের দশ দিনের ক্যাম্প**

দশ দিনের প্রশিক্ষন ক্যাম্পে বাংলাদেশ জাতীয় ফুটবল দল বর্তমানে থাইল্যান্ডে অবস্থান করছে।

২০২০ সালে কাতারে অনুষ্ঠিতব্য ফিফা বিশ্বকাপ এবং ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এএফসি এশিয়ান কাপের যৌথ প্রাক-বাছাইয়ে লাওস ম্যাচের পূর্বে ফুটবলারদেরকে ভালোভাবে তৈরি করার লক্ষ্যে ক্যাম্পটির আয়োজন করেছে বাফুফে।

দলটি গত ২৪ মে থাইল্যান্ডে গিয়ে পৌঁছায়। কোচ জেমি ডে তার শিষ্যদেরকে লাওস ম্যাচের জন্য সম্পূর্ণভাবে প্রস্তুত করতে কাজ করছেন। দশ দিনব্যাপী এই ক্যাম্প চলাকালীন জাতীয় দল থাইল্যান্ডের দুটি ক্লাব এয়ার ফোর্স ইউনাইটেড ও বিজি পাথুম ইউনাইটেড এর বিপক্ষে দুটি প্রস্তুতি ম্যাচ খেলে।

প্রথম ম্যাচে এয়ার ফোর্স ইউনাইটেড এফসির সাথে ১-১ গোলে ড্র করলেও দ্বিতীয় ম্যাচে বিজি পাথুম ইউনাইটেড এফসি এর বিপক্ষে ৩-০ গোলের বড় জয় পায় বাংলাদেশ।

আগামী ৩ জুন বাংলাদেশ দল লাওসের উদ্দেশ্যে থাইল্যান্ড ত্যাগ করবে।

আগামী ৬ জুন লাওসের মাঠে দুই লেগ বিশিষ্ট এই প্রাক বাছাইয়ের প্রথম ম্যাচ অনুষ্ঠিত হবে এবং ১১ জুন ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হবেফিরতি লেগ।

**বিসিএল ২০১৮-১৯ এর শিরোপা জিতলো পুলিশ এফসি, উত্তর বারিধারা রানার্স-আপ**

শেষ পর্যন্ত পয়েন্ট টেবিলের শীর্ষস্থান ধরে রেখে বাংলাদেশ চ্যাম্পিয়নশিপ লীগের সদ্য সমাপ্ত মৌসুমের শিরোপা জিতে নিলো বাংলাদেশ পুলিশ ফুটবল ক্লাব।

দূর্দান্ত খেলে দুই ম্যাচ হাতে রেখেই লীগ শিরোপা দখলে নিয়েছিলো দলটি। তবে আনুষ্ঠানিকভাবে তাদের হাতে শিরোপা তুলে দেয়া হয় মৌসুমের শেষ ম্যাচে ফেনী সকার ক্লাবকে ৫-১ গোলের বিরাট ব্যাবধানে হারানোর পর।

বিসিএল শিরোপা ঘরে তোলার এ যাত্রায় পুলিশ ক্লাব মৌসুমের সবগুলো (২০টি) ম্যাচ খেলে মোট ৩৯ পয়েন্ট সংগ্রহ করে।

এদিকে, পুলিশ ক্লাবের চেয়ে ছয় পয়েন্ট কম নিয়ে পয়েন্ট টেবিলের দ্বিতীয় অবস্থানে থেকে মৌসুম শেষ করা উত্তর বারিধারা ক্লাব হয় লীগের রানার্স আপ।

চ্যাম্পিয়ন এবং রানার্স আপ হওয়া এই দুই দলকে ইতোমধ্যেই বাংলাদেশ প্রিমিয়ার লীগে উন্নিত করা হয়েছে এবং আগামী মৌসুমে এই দুই দল বিপিএলে খেলবে।

অন্যদিকে, পয়েন্ট টেবিলের তলানীতে থেকে মৌসুম শেষ করায় সকার ক্লাব ফেনী ও স্বাধীনতা ক্রীড়া সঙ্ঘকে বিসিএল থেকে মফুলীক সিনিয়র ডিভিশন ফুটবল লীগে অবনমন ঘটানো হয়েছে।

### বঙ্গমাতা ফাইনাল বাতিল হওয়ায় বাংলাদেশ-লাওস যৌথ চ্যাম্পিয়ন

সম্প্রতি বাফুফে আয়োজন করে ‘বঙ্গমাতা অ-১৯ নারী আন্তর্জাতিক গোল্ড কাপ ২০১৯’। গ্রুপ পর্বের খেলা শেষে টুর্নামেন্টের ফাইনালে ওঠে লাওস ও স্বাগতিক বাংলাদেশ।

কিন্তু অনাকাঙ্খিতভাবে ঘূর্নিঝড় ফনীর কারণে সৃষ্ট দূর্যোগের কারণে টুর্নামেন্টটির ফাইনাল বাতিল করতে বাধ্য হয় বাফুফে। আবহাওয়া সংক্রান্ত পরিস্থিতি বিবেচনা করে বঙ্গমাতা অ-১৯ নারী আন্তর্জাতিক গোল্ডকাপ ২০১৯ এর আয়োজক কমিটি ও বাফুফে টুর্নামেন্ট কমিটি যৌথভাবে ফাইনাল ম্যাচটি বাতিল করতে সম্মত হয়।এর ফলে বাংলাদেশ ও লাওসকে যৌথভাবে টুর্নামেন্টের শিরোপাজয়ী হিসেবে ঘোষণা করা হয়।

স্বাগতিক বাংলাদেশ ও সফরকারী লাওস - দুই দলই দারুণ ফুটবল খেলে টুর্নামেন্টের ফাইনালে উঠেছিলো। সুতরাং বলাই বাহুল্য, ম্যাচটি অনুষ্ঠিত হলে তা বেশ জমজমাট ও উপভোগ্য হতো। কিন্তু দূর্ভাগ্যবশত তা আর হলো না।

ফাইনাল ম্যাচের মোট প্রাইজমানি ৪০,০০০ মার্কিন ডলার (চ্যাম্পিয়ন দলের পুরস্কার ২৫,০০০ মার্কিন ডলার এবং রানার্স আপ দলের পুরস্কার ১৫,০০০ মার্কিন ডলার) দুই দলকেই সমানভাবে (২০,০০০ মার্কিন ডলার করে) ভাগ করে দেয়া হয়। এছাড়া, দুই দলকেই শিরোপা দেয়া হয়।

### দ্বিতীয় বিভাগের শিরোপা জিতলো সমাজ কল্যাণ

মহানগর ফুটবল লীগ কমিটি (মফুলীক) কর্তৃক আয়োজিত দ্বিতীয় বিভাগ ফুটবল লীগের সদ্যসমাপ্ত মৌসুমের শীরোপা ঘরে তুলেছে সমাজ কল্যাণ ও ক্রীড়া সংসদ, মুগদা।

মৌসুমের সবগুলো (১২) ম্যাচ শেষে তাদের সংগ্রহ দাঁড়িয়েছিলো ২৬ পয়েন্ট।

সমান ২৫ পয়েন্ট নিয়ে মৌসুম শেষ করা ইস্ট এন্ড ক্লাব ও দিলকুশা স্পোর্টিং ক্লাব মুগদার খুব কাছে এসেও মাত্র এক পয়েন্টের ব্যবধানে পিছিয়ে পড়ায় শিরোপা জিততে পারেনি।

পরবর্তীতে দ্বিতীয় ও তৃতীয় স্থান নির্ধারনী ম্যাচে দিলকুশাকে হারিয়ে রানার্স আপ হয়ইস্ট এন্ড ক্লাব।

পয়েন্ট টেবিলের শীর্ষে থেকে এই মৌসুম শেষ করা তিন দল – সমাজ কল্যাণ ও ক্রীড়া সংসদ - মুগদা, ইস্ট এন্ড ক্লাব এবং দিলকুশা স্পোর্টিং ক্লাব - আগামী মৌসুমে মফুলীক সিনিয়র ডিভিশন ফুটবল লীগে খেলবে।

অন্যদিকে, পয়েন্ট টেবিলের তলানীতে থেকে মৌসুম শেষ করা শান্তিনগর ক্লাবের অবনমন ঘটেছে এই লীগ থেকে। দলটি আগামী মৌসুমে তৃতীয় বিভাগ ফুটবল লীগে খেলবে।

**বাফুফে এএফসি এ সার্টিফিকেট কোচিং কোর্স প্রথম পর্ব সমাপ্ত**

গত ১৪ মেবাফুফে কর্তৃক আয়োজিত এএফসি এ সার্টিফিকেট কোচিং কোর্স ২০১৯ এর প্রথম পর্ব সফলভাবে শেষ হয়। ১১ জন বিদেশী কোচসহ মোট ২১ জন কোচ নিয়ে গত ৪ মে রাজধানীর মতিঝিলে অবস্থিত বাফুফে কার্যালয়ে শুরু হয় কোর্সটি। প্রশিক্ষক হিসেবে কোর্সটি পরিচালনা করেন বাফুফের টেকনিক্যাল ও স্ট্রাটেজিক ডিরেক্টর পল থমাস স্মলি।

কোর্সটির দ্বিতীয় পর্ব এই বছরের শেষের দিকে অনুষ্ঠিত হবে।

লক্ষ্যনীয়, অর্ধেকেরও বেশি সংখ্যক বিদেশ থেকে আগত কোচকে নিয়ে সমাপ্ত হওয়া এই কোর্সের মাধ্যমে বোঝা যায় যে ধীরে ধীরে হলেও নিশ্চিতভাবেই কোচিং প্রশিক্ষণের একটি গ্রহনযোগ্য প্রতিষ্ঠানে রূপান্তরিত হচ্ছেবাফুফে। এটি দেশের ফুটবলের জন্য দারুণ একটি ইতিবাচক বিষয়।

কোর্সটি চলাকালীন সময়ে এএফসি থেকে আগত দুইজন প্রতিনিধি বাফুফের অকৃপণ প্রশংসা করেছেন। অত্যাধুনিক কোচিং প্রশিক্ষণ আয়োজন ও দেশের কোচিং ব্যবস্থার উন্নতির ক্ষেত্রে বাফুফের প্রচেষ্টা ও প্রতিশ্রুতি দেখে তারা চমৎকৃত হয়েছেন।

বাফুফের ফুটবল উন্নয়ন কর্মসূচি প্রণয়ন করা হয় কোচদের উন্নত প্রশিক্ষণের উপর গুরুত্ব দিয়ে যেন প্রশিক্ষিত কোচগণ ভবিষ্যতে ভালো মানের খেলোয়াড় তৈরিতে অবদান রাখতে পারেন।

দেশে একঝাঁক দক্ষ কোচ গড়ে তুলতে বিদ্যমান কোচিং কোর্সের ব্যবস্থা চালিয়ে যাওয়ার ক্ষেত্রে বাফুফে প্রতিশ্রুতিবদ্ধ।

**বাফুফে এএফসি গোলকিপিং লেভেল-১ কোচিং কোর্স ২০১৯ সমাপ্ত**

বাফুফের কোচিং ক্যালেন্ডারে আরেকটি সাফল্য ছিলো ‘এএফসি গোলকিপিং লেভেল ১ কোচিং কোর্স - ২০১৯’।

বাফুফের আয়োজনে এটি ছিলো এই কোর্সের তৃতীয় সংস্করণ।

গত ২ মে রাজধানীর মতিঝিলে অবস্থিত বাফুফে ভবনে অনুষ্ঠিত হয় কোর্সটির সমাপনী আয়োজন। এর আগে গত ২৭ এপ্রিল মোট ২৩ জন প্রশিক্ষনার্থীকে নিয়ে শুরু হয় ছয়দিনব্যাপী এই কোর্স।

অংশগ্রহণকারী কোচদের মধ্যে দুইজন ছিলেন ভারত এবং কেনিয়া থেকে আগত। এছাড়া অন্যান্যরাও ছিলেন দেশের শীর্ষস্থানীয় বিভিন্ন ক্লাব ও জেলা পর্যায়ের ক্লাবগুলোতে কর্মরত।

কোর্সটি পরিচালনা করেছিলেনএএফসি গোলরক্ষণ প্রশিক্ষক ডিন মে।

বাফুফে তার দীর্ঘমেয়াদী ফুটবল উন্নয়ন কর্মসূচির অধীনে উক্ত কোচিং কোর্সের আয়োজন করে। দেশের কোচদেরকে উন্নত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কোচিং ব্যবস্থাকে আমূল পরিবর্তন করার লক্ষ্য নিয়ে আমরা এএফসি কোচিং কোর্সগুলো চালিয়ে যেতে চাই।

**এএফসি অ-১৬ নারী চ্যাম্পিয়নশিপ ড্র: গ্রুপ ‘এ’ তে বাংলাদেশের মেয়েদের জন্য কঠিন চ্যালেঞ্জ**

আসন্ন এএফসি অ-১৬ নারী চ্যাম্পিয়নশিপ ২০১৯ এ বাংলাদেশ অ-১৬ নারী দলকে বেশ শক্ত প্রতিপক্ষের মুখোমুখি হতে হবে। আগামী ১৫-২৮ সেপ্টেম্বর থাইল্যান্ডে অনুষ্ঠিত হবেপ্রতিযোগিতাটি।

গত ২৩ মে থাইল্যান্ডের চনবুরিতে টুর্নামেন্টটির ড্র অনুষ্ঠিত হয়। ড্র অনুযায়ী গ্রুপ ‘এ’ তে বাংলাদেশের প্রতিপক্ষ অস্ট্রেলিয়া, জাপান ও স্বাগতিক থাইল্যান্ড। অন্যদিকে চীন, দক্ষিন কোরিয়া, উত্তর কোরিয়া ও ভিয়েতনাম পরস্পরের প্রতিদ্বন্দ্বিতা করবেগ্রুপ বি তে।

উভয় গ্রুপ থেকে সেরা চার দল ফাইনালে যাওয়ার লক্ষ্য নিয়ে লড়বেসেমিফাইনালে। ২৮ সেপ্টেম্বর অনুষ্ঠিত হতে যাওয়া ফাইনালে খেলা দুই দল ২০২০ সালে ভারতে অনুষ্ঠিতব্য ফিফা অ-১৭ নারী বিশ্বকাপে এশিয়ার প্রতিনিধিত্ব করবে। সাম্প্রতিক সময়ে দারুণ ফুটবল খেলা বাংলাদেশের কিশোরীরা টানা দ্বিতীয়বারের মত মর্যাদাপূর্ণ এই দ্বি-বার্ষিক প্রতিযোগিতায় খেলার যোগ্যতা অর্জন করেছে।

আমি এই টুর্নামেন্টে প্রতিনিধিত্ব করা মেয়েদের সর্বোচ্চ সাফল্য কামনা করি।

**এএফসি অ-১৬, অ-১৯, চ্যাম্পিয়নশীপের বাছাইপর্বের ড্র অনুষ্ঠিত**

গত ৯ মে মালেশিয়ার রাজধানী কুয়ালালামপুরে এএফসি অ-১৬ চ্যাম্পিয়নশিপ ২০২০ ও এএফসি অ-১৯ চ্যাম্পিয়নশিপ ২০২০ এর বাছাইপর্ব দুটির ড্র অনুষ্ঠিত হয়েছে।

দুটি টুর্নামেন্টের বাছাইপর্বেই গ্রুপ ই তে খেলবে বাংলাদেশ।

অ-১৬ টুর্নামেন্টের বাছাইপর্ব আগামী ১৪-২২ সেপ্টেম্বর কাতারে অনুষ্ঠিত হবে এবং আগামী ২-১০ নভেম্বর বাহরাইনেঅনুষ্ঠিত হবেঅ ১৯ টুর্নামেন্টের বাছাইপর্ব।

অ-১৬ এর বাছাইয়ে বাংলাদেশের প্রতিপক্ষ ইয়েমেন, ভুটান, এবং স্বাগতিক কাতার। অন্যদিকে, অ-১৯ এর বাছাইয়ে জর্দান, ভুটান এবং স্বাগতিক বাহরাইনের মুখোমুখি হবে বাংলাদেশ।

**ইন্টারন্যাশনাল স্পোর্টস পার্টনারের সাথে বাফুফের চুক্তি**

ইন্টারন্যাশনাল স্পোর্টস পার্টনার (আইএসপি) এর সাথে একটি চুক্তি স্বাক্ষর করেছে বাফুফে। গত ৮ মে ঢাকার বাফুফে কার্যালয়ে একবছর মেয়াদী এই চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী, বাফুফের সকল ঘরোয়া প্রতিযোগিতার স্বত্ব লাভ করবে আইএসপি।

এখন পর্যন্ত আইএসপিকে বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) ও বাংলাদেশ চ্যাম্পিয়নশিপ লীগ (বিসিএল) এর স্বত্ব হস্তান্তর করা হয়েছে।

আগামী দিনগুলোতে অন্যান্য চুক্তি স্বাক্ষর করা হবে।

সর্বশেষ স্বাক্ষরিত এই চুক্তি অনুযায়ী, বিপিএল ও বিসিএল এর ২০১৮-১৯ মৌসুমের টাইটেল স্পন্সর হয়েছিলোমোটরসাইকেল ব্র্যান্ড টিভিএস। এছাড়া, ইতোমধ্যেই চুক্তি অনুসারে বেসরকারি টিভি চ্যানেল বাংলা টিভি বিপিএল এর ম্যাচগুলো সরাসরি সম্প্রচার করা শুরু করেছে।

পাশাপাশি লাওসের বিপক্ষেঅনুষ্ঠিতব্য ফিফা এবং এএফসির যৌথ বাছাইপর্বের ম্যাচ থেকে শুরু করেবাংলাদেশ জাতীয় ফুটবল দলের আসন্ন আন্তর্জাতিক ম্যাচগুলোও স্পন্সর করবে টিভিএস।

**বাফুফেতে শিশুদের 'এএফসি তৃণমূল ফুটবল দিবস' উদযাপন**

গত ১৫ মে বিভিন্ন বর্ণিল অনুষ্ঠানের মধ্য দিয়ে বাফুফেতে উদযাপিত হলো ‘এএফসি তৃণমূল ফুটবল দিবস’।

দিবসটি উপলক্ষে ফেডারেশন শিশুদের জন্য ফুটবল ম্যাচসহ নানা ধরণের ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। সর্বমোট ১৮৫ জন অ-১২ এবং অ-১৩ ক্ষুদে ফুটবলার বাফুফের আর্টিফিসিয়াল টার্ফে অনুষ্ঠিত হওয়া ম্যাচগুলোতে অংশগ্রহন করে। অংশগ্রহনকারীদের মধ্যে ১৫৮ জন ছিলো ছেলে এবং ২৭ জন ছিলো মেয়ে।

খেলা শেষে শিশুদেরকে তাদের কৃতিত্ব ও প্রতিভার স্বীকৃতিস্বরূপ পুরস্কার ও সনদ বিতরণ করা হয়।